শিক্ষকদের ন্যায্য দাবিতে বিএনপির সমর্থন ঘোষণা



সংগৃহীত ছবি

শিক্ষকদের চলমান আন্দোলনকে সমর্থন জানালো বিএনপি। দলটি শিক্ষকদের চাকরির নিরাপত্তা, সামাজিক মর্যাদা ও অবদানের স্বীকৃতিকে গুরুত্ব দিয়ে নাগরিক উন্নয়নের সঙ্গে শিক্ষাব্যবস্থার আধুনিকায়নের অপরিহার্যতা উল্লেখ করেছে। তবে শিক্ষকদের আন্দোলনের আড়ালে স্বৈরাচারী বা রাজনৈতিক কৌশল প্রয়োগ করা হলে তা প্রতিহত করার জোর হুঁশিয়ারি দিয়েছে দলটি।

শনিবার (১৮ অক্টোবর) বিএনপির সহ-দফতর সম্পাদক অ্যাডভোকেট মো. তাইফুর ইসলাম টিপু স্বাক্ষরিত এক প্রেস বিবৃতিতে বলা হয়েছে, দেশের একটি দায়িত্বশীল রাজনৈতিক দল হিসেবে বিএনপি শিক্ষকদের ন্যায্য দাবির সঙ্গে নীতিগতভাবে একমত। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের বরাতে মির্জা ফখরুল ইসলাম জানিয়েছেন, দলটির অঙ্গীকার হলো—মুক্তিযুদ্ধের চেতনায় শিক্ষকদের চাকরির নিরাপত্তা নিশ্চিত করা, শিক্ষকদের সর্বোচ্চ সামাজিক মর্যাদা প্রদান এবং তাদের অবদানের রাষ্ট্রীয় স্বীকৃতি নিশ্চিত করা।

বিবৃতিতে আরও উল্লেখ করা হয়েছে, রাষ্ট্র ও জাতির উন্নয়নের জন্য যেসব উদ্যোগ নেওয়া হোক না কেন, শিক্ষাব্যবস্থার আধুনিকায়ন এবং শিক্ষকদের অর্থনৈতিক ও সামাজিক নিরাপত্তা ও মর্যাদা নিশ্চিত করা ছাড়া কাঙ্ক্ষিত সফলতা অর্জন সম্ভব নয়। বিএনপি আবারও ক্ষমতায় এলে শিক্ষকদের আর্থিক নিরাপত্তা বৃদ্ধি, চাকরির স্থায়ীকরণ এবং শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর পর্যায়ক্রমিক জাতীয়করণের বিষয়ে ইতিবাচক মনোভাব রাখবে।

তবে বিএনপি হুঁশিয়ারি দিয়েছে, শিক্ষকদের আন্দোলনের আড়ালে কোনো স্বৈরাচারী সহযোগী পরিকাঠামো গড়ে তোলার চেষ্টা বা গণতান্ত্রিক প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করা হলে, তা প্রতিহত করার ক্ষেত্রে কোনো নমনীয়তা দেখানো হবে না।